

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৭: অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

بَابُ الْقَنَاعَةِ وَالْعَفَافِ وَالْإِقْتِصَادِفِي الْمَعِيْشَةِ إِنْفَاقِ وَذَمّ السُّوَّالِ مِنْ غَيْرِ ضَرَوْرَةٍ \_ (57)

#### আরবী

وَعَن أَبِي عَبدِ الرَّحمَانِ عَوف بنِ مَالِكِ الأَشْجَعِيِّ رضي الله عنه، قَالَ: كُنَّا عِنْدَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم تِسْعَةً أَوْ ثَمَانِيَةً أَوْ سَبْعَةً، فَقَالَ: «أَلاَ تُبَايِعُونَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم » وَكُنَّا حَدِيثِي عَهْدٍ بِبَيْعَةٍ، فَقُلْنَا: قَدْ بَايَعْنَاكَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، ثمَّ قَالَ: «أَلا تُبَايِعُونَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، ثمَّ قَالَ: «أَلا تُبَايِعُونَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، ثمَّ قَالَ: «أَلا تُبايِعُونَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم » فَبَسَطْنَا أَيْدِينَا، وَقُلْنَا: قدْ بَايَعنَاكَ فَعَلامَ نُبَايِعُكَ ؟ قَالَ: «عَلَى أَنْ تَعْبُدُوا اللهَ وَلاَ تُشْرِكُوا بِهِ شَيْئًا، وَالصَّلُواتِ الخَمْسِ وَتُطِيعُوا اللهَ» وأَسَرَّ كَلِمَةً خَفِيفَةً « وَلاَ تَسْأَلُوا النَّاسَ شَيْئًا ». فَلَقَدْ رَأَيْتُ بَعْضَ أُولِئِكَ النَّفَرِ يَسْقُطُ سَوطُ أَحَدِهِمْ فَمَا يَسالُلُ أَحَداً يُنَاولُهُ إِيّاهُ . رواه مسلم

#### বাংলা

৮/৫৩৪। আবূ আব্দুর রহমান 'আওফ ইবনে মালিক আশজা'ঈ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ৯ জন অথবা ৮ জন অথবা ৭ জন লোক ছিলাম। তিনি বললেন, ''তোমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বায়'আত করবে না?'' (হাদীসের বর্ণনাকারী বলেন) অথচ আমরা কিছু সময় পূর্বেই তাঁর হাতে বায়'আত করে ফেলেছি। সুতরাং আমরা বললাম, 'হে আল্লাহর রাসূল! আমরা তো আপনার হাতে বায়'আত করে ফেলেছি।' পুনরায় তিনি বললেন, ''তোমরা কি রাসূলুল্লাহর হাতে বায়'আত করবে না?''

সুতরাং আমরা নিজেদের হাতগুলো বিস্তার করলাম এবং বললাম, 'হে আল্লাহর রাসূল! আমরা আপনার হাতে বায়'আত করেছি। সুতরাং এখন কোন্ কথার উপর আপনার হাতে বায়'আত করব?' তিনি বললেন, ''এ কথার উপর যে, তোমরা এক আল্লাহর উপাসনা করবে এবং তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না, পাঁচ ওয়াক্তের নামায পড়বে এবং আল্লাহর আনুগত্য করবে।'' আর একটি কথা তিনি চুপিসারে বললেন, "তোমরা লোকদের



নিকট কোন কিছু চাইবে না।" অতঃপর আমি (বায়'আত গ্রহণকারীদের) মধ্যে কিছু লোককে দেখছি যে, তাঁদের মধ্যে কারো চাবুক যদি যমীনে পড়ে যেত, তাহলে তিনি কাউকে তা উঠিয়ে দিতে বলতেন না। (বরং স্বয়ং সওয়ারী থেকে নেমে তা উঠিয়ে নিতেন।) (মুসলিম) [1]

### **English**

(57) Chapter: Contentment and Self-esteem and avoidance of unnecessary begging of People

'Auf bin Malik Al-Ashja'i (May Allah be pleased with him) reported:
Seven, eight or nine people, including myself, were with Messenger of Allah
() on an occasion when he () remarked, "Would you pledge allegiance to
Messenger of Allah?" As we had taken oath of allegiance shortly before, we
said, "We have already done so, O Messenger of Allah." He again asked,
"Would you not pledge allegiance to Messenger of Allah?" So we stretched
out our hands and said, "We have already made our pledge with you, O
Messenger of Allah, on what should we make a pledge with you?" He said,
"To worship Allah and not to associate anything with Him, to perform the five
(daily) Salat and to obey." Then he added in a low tone, "And not to ask
people for anything." Thereafter, I noticed that some of these people who
were present did not ask anyone to pick up even the whip for them if it fell
from their hands.

#### [Muslim].

Commentary: Herein we find an approval of renewing the oath of loyalty; besides, there is also a ground for administering such oath in respect of the obedience and worship of Allah, and decent behaviour. What is more, we are also under obligation to observe all that the oath of fealty stands for.

## ফুটনোট

[1] মুসলিম ১০৪৩, নাসায়ী ৪৬০, আবূ দাউদ ১৬৪২, ইবনু মাজাহ ২৮৬৭, আহমাদ ২৩৪৭৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন